# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

## হাদিস নাম্বারঃ ২৬৩১

১৮. ব্যবসা-বাণিজ্য অধ্যায় (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৫৩. যে ব্যক্তি ঋণ রেখে মৃত্যু বরণ করে তার উপর (জানাযা) সালাত আদায় প্রসঙ্গে

باب فِي الصَّلَاةِ عَلَى مَنْ مَاتَ وَعَلَيْهِ دَيْنٌ

### আরবী

أَخْبَرَنَا سَعِيدُ بْنُ عَامِرٍ وَأَبُو الْوَلِيدِ عَنْ شُعْبَةَ عَنْ عُثْمَانَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ مَوْهَبٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي قَتَادَةَ عَنْ أَبِيهِ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أُتِيَ بِرَجُلٍ لِيُصَلِّيَ عَلَيْهِ فَقَالَ صَلُّوا عَلَى صَاحِبِكُمْ فَإِنَّ عَلَيْهِ دَيْنًا قَالَ أَبُو قَتَادَةَ هُوَ عَلَيَّ يَا رَسُولَ اللَّهِ قَالَ بِالْوَفَاءِ قَالَ بِالْوَفَاءِ قَالَ فَصَلَّى عَلَيْهِ

### বাংলা

২৬৩১. আবূ কাতাদা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। জানাযার সালাত আদায়ের উদ্দেশ্যে এক ব্যক্তির লাশ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট নিয়ে আসা হলো। তিনি বলেনঃ “তোমরা তোমাদের সঙ্গীর জানাযার সালাত আদায় করো। কেননা সে ঋণগ্রস্ত।” আবূ কাতাদা রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, ইয়া রাসূলুল্লাহ! তার ঋণের দায়িত্ব আমার উপর রইল। তিনি বললেনঃ “পরিশোধ করার জন্য তো?” তিনি বলেন, পরিশোধ করার জন্য। এরপর তিনি তার উপর জানাযার সালাত আদায় করেন।[1]

### ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৩০৫৮, ৩০৫৯, ৩০৬০ ও মাওয়ারিদুয যাম’আন নং ১১৫৯, ১১৬০, ১১৬১ তে। ((আহমাদ ৫/৩০১-৩০২; তিরমিযী, জানাইয ১০৬৯ নাসাঈ, জানাইয; ইবনু মাজাহ, সাদাকাত ২৪০৭...।-ফাতহুল মান্নান হা/২৭৫৬ এর টীকা হতে।-অনুবাদক))

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ কাতাদাহ্ আল-আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82916

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন